



বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ অস্ট্রেলিয়া

BANGLADESH MUKTIJUDDAH SANGSAD AUSTRALIA

An affiliated unit of Bangladesh Muktiyuddah Sangsad Central Command Council
Registration No. INC 9894205

২২শে জানুয়ারী, ২০১২

১৯৭১ যুদ্ধাপরাধীদের বিচার তরাস্বিত করার দাবী ও বাংলাদেশে সামরিক অভ্যুত্থানের নিন্দা

কিছু প্রবাসী বাংলাদেশীদের ইন্ধনে সেনাবাহিনীতে কর্মরত ও অবসরপ্রাপ্ত ধর্মাত্মক বিপথগামী কর্মকর্তা গনতান্ত্রিক পন্থায় নির্বাচিত সরকারকে উৎখাত করে ক্ষমতায় যাওয়ার ষড়যন্ত্রের ঘটনাকে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ অস্ট্রেলিয়া কমান্ডের এক বিশেষ সভায় তীব্র প্রতিবাদ ও নিন্দা জানানো হয়। বর্তমান সরকার যখন বাংলাদেশের জনগনের দীর্ঘদিনের দাবী পূরণে ১৯৭১ সময়কালীন যুদ্ধাপরাধীদেরকে বিচারের সম্মুখিন করেছে ঠিক তখনই সামরিক অভ্যুত্থান ঘটিয়ে তাদের বাচানোর লক্ষে ও বাংলাদেশের গনতান্ত্রিক প্রক্রিয়া নস্যাতের অপচেষ্টায় অভ্যুত্থানের পরিকল্পনা করা হয়। দেশের গনতন্ত্রকে রক্ষায় এহেন ঘন অভ্যুত্থানের চেষ্টা রুখে দেয়ার জন্যে সেনাবাহিনীকে ধন্যবাদ জানানো হয়।

সভায় আরো বলা হয় যে, ইতিহাস বিশ্লেষণ করলে দেখা যায় একটি কুচক্রীর দল স্বাধীনতাবিরোধীদের সাথে আঁতাত করে অতীতেও সেনাবাহিনীর কাধে বন্দুক রেখে ক্ষমতায় এসেছে। এ ধরনের অভ্যুত্থানের মাধ্যমে কিছু উচ্চাভিলাষী সেনা কর্মকর্তা একটি বিশেষ দলের সহযোগিতায় তাদের অভিলাষ পূরণের স্বার্থে সেনাবাহিনীর ক্ষতি ও দেশের গণতান্ত্রিক অগ্রযাত্রাকে বাধাগ্রস্ত করছে। স্বাধীনতার পক্ষের শক্তি যখনই গনতান্ত্রিক পন্থায় নির্বাচিত হয়েছে তখনই একটা অপশক্তি ভিন্ন পথে ক্ষমতায় যাবার পথ খুঁজে বেড়ায়।

জনগন দ্বারা নির্বাচিত গণতান্ত্রিক সরকারকে সেনা অভ্যুত্থান বা অন্য যে কোন পন্থায় জোর করে ক্ষমতা থেকে অপসারণের অপচেষ্টা ক্ষমার অযোগ্য অপরাধ। সুষ্ঠু তদন্তের মাধ্যমে ব্যর্থ অভ্যুত্থানে জড়িত সকল কর্মরত ও অবসরপ্রাপ্ত সামরিক কর্মকর্তা ও বেসামরিক ব্যক্তিদের বিচারের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবী জানানো হয়।

(ওয়ালিউর রহমান টুনু)
সদস্য-সচিব

(আবুল এইচ.এম. হেলালউদ্দিন)
আহ্বায়ক